



তুরস্কের পররাষ্ট্রমন্ত্রীর সঙ্গে এনসিপি প্রতিনিধিদলের বৈঠক



তুরস্কের পররাষ্ট্রমন্ত্রীর সঙ্গে এনসিপি প্রতিনিধিদলের বৈঠক। ছবি: সংগৃহীত

জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) আহ্বায়ক নাহিদ ইসলামের নেতৃত্বে একটি প্রতিনিধিদল তুরস্কের পররাষ্ট্রমন্ত্রী হাকান ফিদানের সঙ্গে বৈঠক করেছে। শুক্রবার ঢাকার একটি হোটেলে অনুষ্ঠিত ওই বৈঠকের বিষয়টি শনিবার (৬ জুন) সংবাদ বিজ্ঞপ্তির মাধ্যমে জানানো হয়।

বৈঠকে তুরস্কের পররাষ্ট্রমন্ত্রী হাকান ফিদান জুলাই আন্দোলনে এনসিপি নেতৃত্বের ভূমিকার প্রশংসা করেন। তিনি বলেন, ওই আন্দোলনের মধ্য দিয়েই শেখ হাসিনা সরকারের পতনের পথ তৈরি হয়।

জবাবে এনসিপির নেতারা রোহিঙ্গা সংকট মোকাবিলায় তুরস্কের ধারাবাহিক কূটনৈতিক সহায়তা ও সক্রিয় ভূমিকার জন্য কৃতজ্ঞতা জানান। একই সঙ্গে দুই দেশের সম্পর্ক আরও বিস্তৃত করার বিষয়ে মতবিনিময় হয়।

আলোচনায় প্রতিরক্ষা সহযোগিতা বাড়ানো, দ্বিপাক্ষিক বাণিজ্য সম্প্রসারণ এবং কৌশলগত সম্পর্ক আরও শক্তিশালী করার বিষয়গুলো গুরুত্ব পায়। পাশাপাশি বাংলাদেশ ও তুরস্কের তরুণদের মধ্যে যোগাযোগ বাড়াতে যৌথ বিনিময় কর্মসূচি চালুর প্রয়োজনীয়তার কথাও তুলে ধরেন এনসিপি নেতারা।

এনসিপি প্রতিনিধিদলের অন্য সদস্যদের মধ্যে ছিলেন সদস্যসচিব আখতার হোসেন এমপি, মুখ্য সমন্বয়ক নাসিরুদ্দীন পাটওয়ারী, যুগ্ম আহ্বায়ক ও সংসদ সদস্য আতীক মুজাহিদ, আন্তর্জাতিক বিষয়ক দায়িত্বপ্রাপ্ত আলাউদ্দিন মোহাম্মদ এবং যুগ্ম সদস্যসচিব হোমাইরা নূর ও রাফে সালামান রিফাত।